



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।



সংশোধিত নোটিশ

বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২১/-৬৪২-

তারিখ : ২৭/০৩/২০২১

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মার্চ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৬৮/১(১৫)/৫১৭, তারিখ : ২৪/০৩/২০২১ খ্রি. মোতাবেক অত্র কলেজের ২০২০-২০২১ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদেরকে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তি প্রদানের লক্ষ্যে “উপবৃত্তির জন্য আবেদন ফরম” কলেজ ওয়েবসাইট (www.govssc.edu.bd) / প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ওয়েবসাইট (<http://www.pmeat.gov.bd>) হতে ডাউন লোড করে স্বহস্তে পূরণ পূর্বক নিম্নোক্ত ছক অনুযায়ী অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব মোঃ নাহিদ আলী ও মোঃ মিজানুর রহমান এর নিকট জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

ক্রমিক	তারিখ	বিভাগ	স্থান	সময়
১	৩১/০৩/২০২১	ব্যবসায় শিক্ষা	কক্ষ নং ১০০১	সকাল ১০.০০-২.০০টা
২	০১/০৪/২০২১	মানবিক		
৩	০৩/০৪/২০২১	বিজ্ঞান		

আবেদন ফরমের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-

১. এস এস সি এর মূল ট্রান্সক্রিপ্টের ফটোকপি ২টি।
২. এস এস সি এর রেজিঃ কার্ডের ফটোকপি ২টি।
৩. এস এস সি এর প্রশংসাপত্রের ফটোকপি ২টি।
৪. সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ৩টি।
৫. জন্মনিবন্ধন সনদ পত্রের ফটোকপি ১টি (১৭ ডিজিট)।
৬. অভিভাবকের বার্ষিক আয়ের মূল প্রত্যয়নপত্র (পৌরমেয়র/কমিশনার/স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)।
৭. বাবা-মায়ের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি প্রত্যেকের ১ টি করে (১০ অথবা ১৭ ডিজিট)।
৮. আবেদনকারীর পিতা-মাতার অবর্তমানে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১টি (১০ অথবা ১৭ ডিজিট)।
৯. আবেদনকারী শিক্ষার্থী বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অন্তর্ভুক্ত হলে প্রমাণপত্র (পৌর মেয়র/কমিশনার/স্থানীয় চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত)। আবেদনকারী শিক্ষার্থী মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান অথবা বীর মুক্তিযোদ্ধার নাতি/নাতনী হলে মুক্তিযুদ্ধের সনদপত্রের ফটোকপি ১টি।
১০. আবেদনকারী শিক্ষার্থী শারীরিক প্রতিবন্ধী হলে তার প্রমাণপত্রের ফটোকপি ১টি।
১১. আবেদনকারী শিক্ষার্থীর অভিভাবক শারীরিক প্রতিবন্ধী হলে তার প্রমাণপত্রের ফটোকপি ১টি।
১২. আবেদনকারী শিক্ষার্থীর পরিবারের কোন সদস্য জন্মগতভাবে/দীর্ঘস্থায়ী রোগে ভুগছেন এমন হলে তার প্রমাণপত্রের ফটোকপি ১টি।
১৩. আবেদনকারী শিক্ষার্থী দীর্ঘস্থায়ী রোগের জন্য ঔষধের উপর নির্ভরশীল হলে তার প্রমাণপত্রের ফটোকপি ১টি।
১৪. আবেদনকারী শিক্ষার্থীর পরিবারের কোন সদস্য মানসিক রোগে ভুগছেন এমন হলে তার প্রমাণপত্রের ফটোকপি ১টি।
১৫. আবেদনকারীর অভিভাবক ভিজিডি কার্ড/ভিজিএফ কার্ড/বয়স্ক ভাতা কার্ড/বিধবা ভাতা কার্ড/স্বামী পরিত্যক্তা কার্ডধারী হয়ে থাকে তাহলে উক্ত কার্ডের ফটোকপি ১ টি করে।

অসম্পূর্ণ, ঘোষামাজা আবেদন ফরম গ্রহণ করা হবে না। আবেদনকারীর অভিভাবকের মোবাইল ফোন নম্বর যার মাধ্যমে উপবৃত্তির অর্থ বিতরণের খুদেবার্তা পেতে ইচ্ছুক তা সর্বদা সচল রাখতে হবে।

বিঃ দ্রঃ উপরোক্ত শর্তসমূহের বিঘ্নতার কারণে উপবৃত্তি হতে বঞ্চিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

** সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ও মাস্ক পরিধান করে কার্য সম্পাদন করার জন্য বলা হলো।

প্রতিষ্ঠান

২৭/৩/২০২১
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ
সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া।

২৭/৩/২০২১

(মোহাম্মদ আব্দুল জলিল)

সহযোগী অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

ও

আহ্বায়ক

একাদশ শ্রেণির উপবৃত্তি ব্যবস্থাপনা কমিটি-২০২১

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।